



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
বন্দর, নারায়ণগঞ্জ।

প্রধান শিক্ষকদের ডিসেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : উপজেলা শিক্ষা অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
স্থান : মদনগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, বন্দর, নারায়ণগঞ্জ।
তারিখ : ১৩.১২.২০২৩ খ্রি.
সময় : সকাল ১০.০০ ঘটিকা

অদ্য ১৩.১২.২০২৩ খ্রি. তারিখ বেলা ১০.০০ ঘটিকায় উপজেলা শিক্ষা অফিসার মহোদয়ের সভাপতিত্বে মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জ্যেষ্ঠ সহকারী উপজেলা শিক্ষা অফিসার সভার কার্যক্রম শুরু করেন। বিস্তারিত আলোচনা পূর্বক বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন সংক্রান্ত আলোচনায় বিগত কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

সভায় উপস্থিতির স্বাক্ষর পরিশিষ্ট - ক তে দেখানো হলো।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ :

ক্র. নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত সমূহ	বাস্তবায়নকারী
১.	যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস পালন সংক্রান্ত	উর্ধ্বতন কর্তৃপক্ষ ও স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় রেখে মহান বিজয় দিবস পালনের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।	মন্ত্রণালয় ও অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী সকল ধরনের কর্মসূচি পালন করতে হবে এবং উপজেলা প্রশাসনের নির্দেশ মোতাবেক শিশুদের বিভিন্ন প্রদীপযোগিতা, ডিসপ্লে ও কুজকাওয়াজে বিদ্যালয়সমূহকে অংশগ্রহণ করতে হবে।	প্রধান শিক্ষক
২.	রুগটিন অনুযায়ী পাঠদান এবং প্রধান শিক্ষকের প্রতিদিন ০৩টি পাঠদান এবং ২টি পাঠ পর্যবেক্ষণ সংক্রান্ত।	নির্ধারিত সময়সূচী ও বিধি মোতাবেক অনুমোদিত রুগটিন অনুসরণ পূর্বক পাঠদান সহ প্রধান শিক্ষকের প্রতিদিন তিনটি পাঠদান করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	নির্ধারিত সময়সূচী ও বিধি মোতাবেক অনুমোদিত রুগটিন অনুসরণ পূর্বক পাঠদান নিশ্চিতকরণ সহ প্রধান শিক্ষকের প্রতিদিন প্রথম ও শেষ পাঠদান সহ ০৩টি পাঠদান এবং দুইটি পাঠ পর্যবেক্ষণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান শিক্ষক / সহকারী শিক্ষক
৩.	বিদ্যালয় পর্যায়ে বিনামূল্যের পাঠপুস্তক বিতরণ	সকল শিক্ষার্থী যেন ০১ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখে পাঠ্যপুস্তক হাতে পায় সে লক্ষ্যে পাঠ্যপুস্তক বিদ্যালয় পর্যায়ে বিতরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আগামী ২৪.১২.২০২৩ খ্রি. তারিখে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাঠ্যপুস্তক বিতরণের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয় এবং সকল প্রধান/ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকগণকে নির্ধারিত দিন ও সময়ে পাঠ্যপুস্তক গ্রহণের জন্য উপস্থিত থাকতে বলা হয়।	প্রধান শিক্ষক
৪.	বিদ্যালয় পর্যায়ের মাসিক কার্যবিবরণীর তথ্য	বিদ্যালয় পর্যায়ের মাসিক কার্যবিবরণীতে সঠিক ও সম্পূর্ণ তথ্য দেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের প্রধানগণকে মাসিক কার্যবিবরণীতে বিভিন্ন তথ্য যেমন-শিক্ষকগণের জন্ম তারিখ, চাকুরীতে যোগদানের তারিখ, শিক্ষাগত যোগ্যতা, পাঠদানের বিষয় ইত্যাদি সঠিক ও সম্পূর্ণভাবে লিখতে বলা হলো।	প্রধান শিক্ষক
৫.	তথ্য প্রদান সংক্রান্ত	এ দপ্তর থেকে চাহিত তথ্য যথাসময়ে প্রেরণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	চাহিত তথ্য যথা সময়ে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট প্রধান শিক্ষক/শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।	প্রধান শিক্ষক
৬.	ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত	ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে বিভিন্ন সময় এ বিষয়ে দিকনির্দেশনা ও পরিপত্র জারীকরা হয়েছে। কিন্তু তারপরেও দেখাযাচ্ছে, শিক্ষকগণ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে মন্তব্য করার ক্ষেত্রে অনুশাসন মেনে চলছেন না। এ বিষয়ে সভায় গুরুত্বের সাথে আলোচনা করা হয়।	সামাজিক যোগাযোগ মাধ্যমে অনুশাসনমালা অবশ্যই পালন করণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে কোন অনভিপ্রেত অবস্থার সম্মুখীন হতে না হয়, সে বিষয়ে সচেতন থাকা মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়। তথাপি কোন শিক্ষক অনুশাসনমালা যথাযথ ভাবে না মেনে কোন বক্তব্য/পোষ্ট প্রদান করলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান শিক্ষক / সহকারী শিক্ষক

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি জনাব মোসাম্মত জাহানারা খানম উপজেলা শিক্ষা অফিসার মহোদয় অংশগ্রহনকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রেজাউল করিম
উপজেলা শিক্ষা অফিসার

বন্দর, নারায়ণগঞ্জ।
১৩.১২.২৩